খসড়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পার-৩ শাখা
www.mefwd.gov.bd

"বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিলের অধীন স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালসমূহে কর্মরত অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বেতন-ভাতা সহায়তা খসড়া নীতিমালা, ২০২৬"

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর অধীনে বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিলের অধিভুক্ত বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালসমূহে কর্মরত অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য পরিচালন বাজেটের সহায়তা মঞ্জুরি সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

১। **শিরোনাম**: এই নীতিমালা বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিলের অধিভুক্ত স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল সমূহে কর্মরত অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বেতন-ভাতা সহায়তা নীতিমালা-২০২৬ নামে অবহিত হইবে;

২। **পরিধি**: এই নীতিমালা স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর জন্য পরিচালন বাজেটের সহায়তা ও কাউন্সিলের নিজস্ব তহবিলের মঞ্জুরি বরাদ্দের ক্ষেত্রে অনুসৃত হইবে;

৩। **সংজ্ঞা:** (ক) 'কাউন্সিল' অর্থ বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল।

(খ) 'বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল' অর্থ বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল।

(গ) 'কর্তৃপক্ষ' অর্থ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৪। **অনুদান প্রাপ্তির ক্ষেত্র ও যোগ্যতাসমূহ**:

(i) **ক্ষেত্র**:
সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালে কর্মরত, নিয়মিত ও কাউন্সিল কর্তৃক অনুমোদিত অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বেতন-ভাতা/বেতন সহায়তা প্রদান।

(ii) **বেতন-ভাতা সহায়তা প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী:**

(ক) কাউন্সিলের অধিভুক্ত সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল হইতে হইবে;

(খ) কাউন্সিল কর্তৃক গৃহীত নিয়মিত ডিপ্লোমা ইন হোমিওপ্যাথিক মেডিসিন অ্যান্ড সার্জারি (ডিএইচএমএস) বার্ষিক পেশাগত পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭৫% ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হইতে হইবে;

(গ) কলেজ ও হাসপাতাল স্বীকৃতি প্রাপ্তির পর নূন্যতম ৫(পাঁচ) বছর নিয়মিত পাঠদান ও কার্যক্রম পরিচালনার উপযুক্ত প্রমাণ থাকিতে হইবে;

(ঘ) কলেজ প্রতিষ্ঠার নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠানের নামে রেজিষ্ট্রিকৃত নিজস্ব জমি/লীজকৃত ভবন/নির্ধারিত ফ্লোর স্পেস থাকিতে হইবে;

(ঙ) কলেজ ও হাসপাতালের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য কলেজ প্রতিষ্ঠার নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক/চিকিৎসক, শ্রেণী কক্ষ, লাইব্রেরী, ল্যাবরেটরী, কমনরুম, অফিস কক্ষ, লেকচার থিয়েটার, সেমিনার কক্ষ ও টয়লেট এবং ব্যবহারযোগ্য জায়গা থাকিতে হইবে;

(চ) অধ্যক্ষ/উপাধ্যক্ষ/শিক্ষক/চিকিৎসক/কর্মচারীদের যোগ্যতা সরকার ও কাউন্সিল কর্তৃক অনুমোদিত চাকুরীর প্রবিধিমালা/নিয়োগবিধিমালা অনুসারে হইতে হইবে;

(ছ) প্রতিষ্ঠানের সকল প্রকার নিয়োগ, পদোন্নতি ও বদলি প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সুপারিশক্রমে কাউন্সিল কর্তৃক অনুমোদিত হইতে হইবে;

(জ) স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ সমূহে কর্মরত অনিয়মিত/খন্ডকালীন/চুক্তিভিত্তিক/অনারারী কোন অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীগণ সরকার কিংবা কাউন্সিল কর্তৃক প্রদত্ত বেতন-ভাতা/বেতন সহায়তা প্রাপ্তির যোগ্য হইবেন না;

অপর পৃ.দ্র.

CamScanner

(ক) প্রতিষ্ঠানের জন্য কাউন্সিল অনুমোদিত পরিচালনা পর্ষদ/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি থাকতে হইবে, বছরে উক্ত কমিটির কমপক্ষে ০৩ (তিন)টি সভা অনুষ্ঠিত হইতে হইবে এবং কমিটির সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে কাউন্সিলে প্রেরণ করিতে হইবে;

(ঞ) প্রতিষ্ঠানের বার্ষিক অডিট রিপোর্ট ও আয়-ব্যয়ের হিসাব কমিটির সভাপতির প্রতিস্বাক্ষর ও অনুমোদনক্রমে আবশ্যিকভাবে কাউন্সিলে প্রেরণ করিতে হইবে;

(ট) চাকরির বিধি অনুযায়ী কর্মরত ও অনুমোদিত সকল প্রকার জনবলকে প্রাতিষ্ঠানিক নিয়মানুযায়ী চলিতে হইবে, কর্মস্থলে নিয়মিতভাবে উপস্থিতি (ন্যূনতম ৭৫%) বিষয়টি নিশ্চিত করিতে হইবে এবং সরকারের নিয়মানুযায়ী কর্মদক্ষতার ভিত্তিতে মূল্যায়ণ ও বার্ষিক গোপনীয় প্রতিবেদন সাপেক্ষে বেতন-ভাতা/বেতন সহায়তা প্রদান করা হইবে;

(ঠ) কোন কর্মচারী একাধিক সরকারি/বেসরকারি/অনুদানভুক্ত/সুবিধাভোগী প্রতিষ্ঠানে কর্মরত থাকিতে পারিবে না;

(ড) শিক্ষকদের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত ৬০ (ষাট) বছর পূর্ণ হইলে চাকরি হইতে অবসর গ্রহণ করিতে হইবে; চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে চাকরির বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হইলে চাকুরী হইতে অবসর গ্রহণ করিতে হইবে;

৫। **বেতন-ভাতা সহায়তা প্রাপ্যতার হার নির্ধারণের জন্য মূল্যায়ন ও যাচাই-বাছাই কমিটি:**

স্বীকৃতিপ্রাপ্ত কলেজ ও হাসপাতালসমূহের বেতন ভাতা সহায়তার হার নির্ধারণের জন্য নির্ধারিত বিষয়ের সূচক ও মানদন্ডের (তফসিল-ক) ভিত্তিতে নিম্নরূপ মূল্যায়ণ ও যাচাই-বাছাই কমিটি থাকিবে;

(১) যুগ্মসচিব (পার), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-	সভাপতি
(২) পরিচালক (অল্টারনেটিভ মেডিসিন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর-	সদস্য
(৩) উপসচিব (বাজেট-২ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-	সদস্য
(৪) অধ্যক্ষ, সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল-	সদস্য
(৫) অধ্যক্ষ, বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ (কাউন্সিলের চেয়ারম্যান কর্তৃক মনোনীত)-	সদস্য
(৬) কাউন্সিলের অনুমোদিত ০১ (এক) জন শিক্ষক প্রতিনিধি (কাউন্সিলের চেয়ারম্যান কর্তৃক মনোনীত)-	সদস্য
(৭) রেজিস্ট্রার, বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল-	সদস্য সচিব

৬। **অর্থায়ন ও বিতরণ পদ্ধতি:**

(ক) বরাদ্দকৃত অর্থ প্রাক বাজেট পরিকল্পনা ও কর্মসূচির আওতায় বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিলের সিদ্ধান্তক্রমে বরাদ্দ প্রদান ও বিভাজন করা হইবে;

(খ) প্রতি অর্থবছরে কাউন্সিলের চাহিদা মোতাবেক প্রাপ্ত তথ্য, প্রতিষ্ঠানের বার্ষিক অডিট রিপোর্ট, আয়-ব্যয় হিসাব ও সংশ্লিষ্ট কমিটির প্রতিবেদন প্রাপ্তী সাপেক্ষে বেতন-ভাতা/বেতন সহায়তা বরাদ্দ নির্ধারণ ও ছাড় করা হইবে;

(গ) বরাদ্দকৃত বেতন-ভাতা/বেতন সহায়তার অর্থ কাউন্সিল হইতে সংশ্লিষ্ট হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালে কর্মরত প্রত্যেক অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের নিজ নিজ ব্যাংক একাউন্টে সরাসরি EFT অথবা ক্রস চেকের মাধ্যমে প্রদান করা হইবে;

(ঘ) কল্যাণ/ভবিষ্যৎ তহবিল : অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন থেকে প্রতি মাসে সরকার/কাউন্সিল কর্তৃক অনুমোদিত নীতিমালা/বিধিমালা মোতাবেক কল্যাণ ট্রাস্টের জন্য ৫% হারে টাকা কর্তন করে সংশ্লিষ্ট তহবিলে জমা রাখা হইবে; এবং অবসরে যাওয়ার পূর্বে/সময়ে কাউন্সিলের সিদ্ধান্তক্রমে লভ্যাংশসহ সমপরিমাণ টাকা প্রদান করিবে;

৭। **পরিচালনা পর্ষদ/গভর্নিং বডি:**

প্রতিষ্ঠানে অবশ্যই কাউন্সিল কর্তৃক অনুমোদিত বিধি/প্রবিধি/নীতিমালা অনুযায়ী পরিচালনা পর্ষদ/গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি থাকিতে হইবে;

অপর পৃ.দ্র.

৮। **বিবিধ:**

(ক) এই নীতিমালার যেকোন অনুচ্ছেদ বা অংশ কাউন্সিলের সিদ্ধান্ত ও সুপারিশক্রমে সরকার কর্তৃক সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করিবে;

(খ) কোন আর্থিক জালিয়াতি বা কোন অনিয়ম বা কোন তথ্য গোপনের ঘটনা প্রমাণিত হইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও ব্যাক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং বেতন-ভাতা/বেতন সহায়তা কার্যক্রম বন্ধ করা হইবে;

ডা. মো: জাহাঙ্গীর আলম
রেজিস্ট্রার
বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল
ও
সদস্য, নীতিমালা প্রণয়ন কমিটি

ডা. মো: নাসির উদ্দিন শেখ
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ
ও
সদস্য, নীতিমালা প্রণয়ন কমিটি

ডা: মো: আবদুর রহিম ভূঞা
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল
ও
সদস্য, নীতিমালা প্রণয়ন কমিটি

মুহাঃ আখতারুজ্জামান
উপসচিব (পার-৩)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ও
সদস্য সচিব, নীতিমালা প্রণয়ন কমিটি

মো: আসিফ আহসান
যুগ্মসচিব (পার)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ও
আহ্বায়ক, নীতিমালা প্রণয়ন কমিটি

CamScanner